তারিখ ০২ ... পৃষ্ঠা ৩ ... কলাম ৫ ...

# অটিস্টিক শিক্ষার্থীদের মূলধারায় একীভূতকরণ শীর্ষক কর্মশালা

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয় ও উচ্চমাধ্যমিক অধিদপ্তরের অধীন ন্যাশনাল একাডেমি ফর অটিজম অ্যান্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ প্রকল্পের উদ্যোগে গতকাল বুধবার ঢাকার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজন করা হয় 'অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের শিক্ষার মূলধারায় একীভূতকরণ বিষয়ক নীতিমালা রূপরেখা প্রণয়ন' শীর্ষক এক কর্মশালা। শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন, অটিস্টিক শিশুরা যাতে বুঝতে পারে দেশ ও সমাজ তাদের গুরুত্ব দিচ্ছে। একটা দেশ শুধু অর্থনৈতিক উন্নতি সাধন করলেই তাকে উন্নত দেশ বলা হয় না। উন্নত হতে হলে আরো অনেকগুলো শর্ত পূরণ করতে হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. মহিউদ্দীন খান, চৌধুরী মুফাদ আহমদ, সূচনা ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান প্রফেসর ডা. প্রাণ গোপাল দত্ত, নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ প্রোটেকশন ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. মো. গোলাম রব্বানী। বক্তব্য রাখেন প্রকল্প পরিচালক প্রফেসর সালমা বেগম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. শারমিন হক। এ ছাড়া অটিজম ও স্নায়বিক বিকাশজনিত সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের শিক্ষাদানের সঙ্গে সম্পৃক্ত শিক্ষক, প্রশিক্ষক, চিকিৎসক, অভিভাবক ও নীতিনির্ধারকগণ এ কর্মশালায় উপস্থিত ছিলেন।